# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২০

রহিমা আক্তার
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

ড. মোঃ ওমর ফারুক
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়সূচি | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১. | প্রস্তাবনা | ০৩ |
| ০২. | শিরোনাম ও প্রবর্তন | ০৩ |
| ০৩. | সংজ্ঞা | ০৩ |
| ০৪. | প্রতিষ্ঠান অনুমোদনের প্রক্রিয়া | ০৪ |
| ০৫. | পাঠদানের অনুমোদন প্রাপ্তির শর্তসমূহ | ০৫ |
| ০৬. | স্বীকৃতি অনুমোদন প্রক্রিয়া | ০৬ |
| ০৭. | ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি | ০৬ |
| ০৮. | আসন সংখ্যা | ০৬ |
| ০৯. | স্থান পরিবর্তন | ০৬ |
| ১০. | নাম পরিবর্তন | ০৭ |
| ১১. | পরিদর্শন ফি,শিক্ষা কার্যক্রম | ০৭ |
| ১২. | ব্যাখ্যা, সুপারিশ ও অনুমোদন কমিটি, সংরক্ষণ, রহিতকরণ ও হেফাজত | ০৮ |
| | পরিশিষ্টসমূহ | |
| ১৩. | পাঠদানের আবেদনপত্র | ০৯ |
| ১৪. | পাঠদানের আবেদনপত্রের চেকলিস্ট | ১১ |
| ১৫. | পাঠদানের অঙ্গীকারনামার ছক | ১২ |
| ১৬. | সাংগঠনিক কমিটি ছক | ১৩ |
| ১৭. | আবেদন পত্র বাছাই কমিটি | ১৪ |
| ১৮. | ভৌত অবকাঠামোর তালিকা | ১৫ |
| ১৯. | জনবল কাঠামো | ১৬ |
| ২০. | আসবাবপত্র ও শিক্ষা উপকরণ ছক | ১৭ |
| ২১. | পাঠদানের পরিদর্শন প্রতিবেদন ছক | ১৮ |
| ২২. | ট্রেড সংযোজন এবং ব্যাচ বৃদ্ধি/শিফট পরিবর্তনের আবেদনপত্র | ২০ |
| ২৩. | সুপারিশ কমিটি (প্রতিষ্ঠান পাঠদান এবং নাম ও স্থান পরিবর্তন) | ২২ |
| ২৪. | সুপারিশ কমিটি (স্বীকৃতি প্রদান, শিক্ষাক্রম/ট্রেড সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) | ২২ |
| ২৫. | অনুমোদন কমিটি (প্রতিষ্ঠান পাঠদান, নাম ও স্থান পরিবর্তন, স্বীকৃতি প্রদান, শিক্ষাক্রম/ট্রেড সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) | ২২ |
| ২৬. | ট্রেড সমূহের নাম | ২৩ |

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২০

১.০ **প্রস্তাবনা:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে প্রতিষ্ঠান পাঠদানের বিদ্যমান নীতিমালা আরো যুগোপযোগীকরণের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২৪ সেপ্টেম্বর, ২০১৯খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৫২.১৬.০০৪.১৮.১১৪/৫৩৭ নং স্মারক, ১৬৮তম বোর্ড সভার অনুমোদন এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ০১-০৭-২০২০ তারিখের সভার সিদ্ধান্তক্রমে বোর্ডের অধীনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠানে পাঠদান অনুমতি, স্বীকৃতি প্রদান, ট্রেড সংযোজন, শিক্ষাক্রম সংযোজন, ব্যাচ/শিফট বৃদ্ধি, নাম পরিবর্তন, স্থান পরিবর্তন, নবায়ন ও বাতিল/প্রত্যাহার সংক্রান্ত নীতিমালা ২০১৬ রহিতক্রমে কতিপয় সংশোধনীসহ পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২.০ **শিরোনাম ও প্রবর্তন:**

(১) এ নীতিমালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২০ নামে অভিহিত হবে;

(২) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে ।

৩.০ **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে এ নীতিমালায়-

(ক) ''অনুমোদন কমিটি" অর্থ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গঠিত পরিশিষ্ট-১৩ এ উল্লিখিত কমিটি;

(খ) ''সুপারিশ কমিটি'' অর্থ বোর্ড কর্তৃক গঠিত পরিশিষ্ট-১১ ও ১২ এ উল্লিখিত কমিটি;

(গ) **"কারিগরি শিক্ষা"** অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮-এর ধারা ২ (১) তে উল্লিখিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ;

(ঘ) **"জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম"** অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত একটি নির্দিষ্ট শিক্ষাক্রম যার মেয়াদ তিন/ছয় মাস। যেমন: কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন, গ্রাফিক্স ডিজাইন অ্যান্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং, ওয়েল্ডিং, ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং ট্রেডসহ চলমান ১২০ (একশত বিশ) টি ট্রেড এবং ভবিষ্যতে এই শিক্ষাক্রমের আওতায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে চালুকৃত ট্রেডসমূহ;

(ঙ) **"ব্যাচ/শিফট বৃদ্ধি"** অর্থ অনুমোদিত ট্রেডের প্রথম ব্যাচের সাথে সমসংখ্যক আসন যুক্ত করাকে বোঝাবে;

(চ) **"পরিদর্শন টিম"** অর্থ প্রতিষ্ঠানের বিদ্যমান সুযোগ-সুবিধা এই নীতিমালার আলোকে সরেজমিনে পরিদর্শন করার জন্য বোর্ড কর্তৃক গঠিত দল;

(ছ) **"পাঠদানের অনুমতি"** অর্থ সরকারের অনুমোদনক্রমে বোর্ড কর্তৃক আরোপিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে প্রতিষ্ঠানে নিয়মিত জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান;

(জ) ''পাঠদানের অনুমতি প্রত্যাহার" অর্থ জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে পাঠদানের অনুমতি রহিত করা;

(ঝ) **''ফি" অর্থ** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ও আদায়যোগ্য অর্থ;

(ঞ) ''বোর্ড" অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮-এর ৩ ধারার অধীনে প্রতিষ্ঠিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড;

(ট) **"শিক্ষাক্রম সংযোজন"** অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত একটি শিক্ষাক্রমের সাথে অন্য একটি নতুন শিক্ষাক্রম যুক্ত করা; যেমন: ভোকেশনাল/ডিপ্লোমা/টেক্সটাইল/কৃষি/বিএম ইত্যাদি শিক্ষাক্রমের সাথে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম চালু করা।

(ঠ) **"ট্রেড সংযোজন"** অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম অনুমোদিত প্রতিষ্ঠানে বিদ্যমান ট্রেড-এর সাথে এই শিক্ষাক্রমের আরও নতুন ট্রেড যুক্ত করা; যেমন: কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন/গ্রাফিক্স ডিজাইন অ্যান্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং/ওয়েল্ডিং/ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং ইত্যাদি ট্রেড যুক্ত করা;

(ড) **''শিক্ষার্থী"** অর্থ বোর্ড কর্তৃক জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রমে নিবন্ধিত ছাত্র বা ছাত্রী;

(ঢ) ''স্বতন্ত্র প্রতিষ্ঠান" অর্থ বোর্ড অনুমোদিত এসএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম/ভোকেশনাল) ও ডিপ্লোমা শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান বোঝাবে;

(ণ) **"স্বীকৃতি"** অর্থ বোর্ড কর্তৃক জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য পাঠদানের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানের নবায়ন সাপেক্ষে স্থায়ী অনুমোদন;

(ত) **"স্বীকৃতি প্রত্যাহার"** অর্থ জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুমোদন সরকারের অনুমোদনক্রমে বোর্ড কর্তৃক রহিত করা।

৪.০ প্রতিষ্ঠান অনুমোদনের প্রক্রিয়া

(ক) **প্রতিষ্ঠানের ধরণ:**

দেশের সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান অথবা স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সরকার এবং বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তপূরণ সাপেক্ষে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স খোলা যাবে।

(খ) **প্রতিষ্ঠানের নামকরণ:** প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে প্রদত্ত নামের শেষে প্রশিক্ষণ কেন্দ্র বা ইন্সটিটিউট অথবা বোর্ড কর্তৃক গ্রহণযোগ্য কোনো নামকরণ করা যাবে। প্রতিষ্ঠানের নাম যথাসম্ভব আকারে ছোটো হতে হবে:

(১) জেলা ও উপজেলা এবং সরকার অনুমোদিত কোনো প্রকল্পের নাম ব্যবহার করে কোনো বেসরকারি প্রতিষ্ঠানের নামকরণ করা যাবে না;

(২) জাতীয় নেতৃবৃন্দের নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে সরকারের এ সংক্রান্ত নীতিমালা/নির্দেশনা অনুসরণ করতে হবে;

(৩) নামকরণের ক্ষেত্রে শব্দ বা শব্দসমূহের সংক্ষিপ্তরূপ ব্যবহার করলে তার পূর্ণাঙ্গরূপ পাশাপাশি লিখতে হবে; তবে এক্ষেত্রে সরকার কর্তৃক নিবন্ধিত সংস্থা তার নামের সংক্ষিপ্তরূপ ব্যবহার করতে পারবে;

(৪) একই নামে একই জেলায় একাধিক প্রতিষ্ঠান করা যাবে না।

(৫) প্রতিষ্ঠানের বাংলা নামের পাশাপাশি একইসাথে ইংরেজি নাম অনুমোদন করতে হবে।

(৬) বেসরকারি নতুন প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে-বাংলাদেশ, ন্যাশনাল, জাতীয়, যুব উন্নয়ন, জেলার নাম, উপজেলার নাম, বিখ্যাত ব্যক্তির নাম, সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাবে না। দেশের সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স সংযোজন করা হলে প্রতিষ্ঠানটির অনুমোদিত পূর্বনাম বহাল থাকবে। তবে, সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করলে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্সের ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে।

(গ) **সাংগঠনিক কমিটি:** প্রস্তাবিত প্রতিষ্ঠানের পরিচালনার জন্য ন্যূনতম ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পরিশিষ্ট-০৪ অনুযায়ী একটি সাংগঠনিক কমিটি থাকতে হবে।

(ঘ) **প্রতিষ্ঠানের জন্য জমির পরিমাণ/ফ্লোর স্পেস/ভাড়াকৃত ভবনের তথ্য:** প্রয়োজনীয় অবকাঠামোসহ সাময়িকভাবে ০২ (দুই) টি ট্রেড-এর জন্য ন্যূনতম ১২০০ (এক হাজার দুই শত) বর্গফুট (পাকা/সেমি পাকা) আয়তনের ০৫ (পাঁচ) বছরের চুক্তি সংবলিত উক্ত উদ্দেশ্যে নির্মিত নিজস্ব/ভাড়াকৃত ভবন থাকতে হবে এবং ভাড়াকৃত ভবনের চুক্তিনামা দাখিল করতে হবে। উল্লেখ্য যে, ভাড়ার চুক্তির মেয়াদ উত্তীর্ণ হলে চুক্তি নবায়ন করা যাবে। ঠিকানা স্থানান্তর করতে চাইলে অবশ্যই সমপরিমাণ ক্ষেত্রফল বিশিষ্ট ভাড়া/নিজস্ব ভবনে বোর্ডের অনুমোদন সাপেক্ষে নতুন ঠিকানায় স্থানান্তর করা যাবে। ০২ (দুই) এর অধিক ট্রেড হলে পরিশিষ্ট-০৬ অনুযায়ী সংশ্লিষ্ট ট্রেডের বিপরীতে ফ্লোরস্পেস যোগ করতে হবে;

(ঙ) **সাধারণ তহবিল:** প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে ন্যূনতম ২৫ (পচিশ) হাজার টাকা কোনো তফসিলি ব্যাংকে জমা থাকতে হবে। আবেদনের সময় টাকা জমা থাকার হালনাগাদ ব্যাংক হিসাব বিবরণী জমা দিতে হবে;

(চ) **সংরক্ষিত তহবিল:** প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) হাজার টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। তবে ব্যক্তির নামে নতুন প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে আলাদাভাবে অতিরিক্ত কোনো টাকা আমানত হিসেবে রাখার প্রয়োজন নেই। কিন্তু পূর্বে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে অতিরিক্ত ০২ (দুই) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে প্রতিষ্ঠানের নামে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ পূর্বে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে মোট ২,৫০০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাউচারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তির নামে নামকরণ করা যাবে না। আবেদনপত্রের সাথে স্থায়ী আমানতের ডকুমেন্ট (এফডিআর) সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান অথবা বিদ্যমান কোনো প্রতিষ্ঠানের সাথে শাখা/শিক্ষাক্রম সংযোজনের ক্ষেত্রে সংস্থার/বিদ্যমান প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট রিপোর্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। বোর্ডের অনুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলের টাকা কোনো অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবে না;

(ছ) **লে-আউট প্ল্যান:** শিক্ষা প্রতিষ্ঠান পাঠদানের উপযোগী লে-আউট প্ল্যান থাকতে হবে;

(জ) **যোগাযোগ ব্যবস্থা:** উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং বিদ্যুৎ সুবিধা থাকতে হবে।

৫. **পাঠদানের অনুমোদন প্রাপ্তির শর্তসমূহ:**

(ক) **যন্ত্রপাতি ও অন্যান্য:** পাঠদানের অনুমতির জন্য আবেদনের সাথে ট্রেডভিত্তিক যন্ত্রপাতির তালিকা, প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট চালু এবং প্রাথমিক চিকিৎসা উপকরণ (ফার্স্ট এইড বক্স), অগ্নিনির্বাপক যন্ত্র (ফায়ার এস্টিংগুইসার) থাকার প্রমাণক সংযুক্ত করতে হবে;

(খ) **বিদ্যুৎ সুবিধা:** নিজস্ব জমিতে প্রতিষ্ঠান হলে/আনুপাতিক হারে জমিসহ ক্রয়কৃত ফ্লোরস্পেস হলে প্রতিষ্ঠানের নামে বৈধ বিদ্যুৎ সংযোগ এবং ভাড়াকৃত ভবনে প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রদর্শিত ঠিকানায় বৈধ বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে। আবেদনের সাথে বিদ্যুৎ সংযোগের প্রমাণক হিসেবে প্রতিষ্ঠানের নামে/ভাড়াকৃত ভবনে প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রদর্শিত ঠিকানা সংবলিত বিদ্যুৎ বিল পরিশোধের হালনাগাদ কপি দাখিল করতে হবে;

(গ) **আসবাবপত্র ও শিক্ষা উপকরণ:** পরিশিষ্ট-০৮ তে উল্লিখিত আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকতে হবে;

(ঘ) **বোর্ড অনুমোদিত সাংগঠনিক কমিটি:** বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস আর ও নং ২৬৭-আইন/২০০৯) অনুযায়ী পাঠদানের অনুমতি প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে একটি সাংগঠনিক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। এ কমিটির মেয়াদ হবে তার প্রথম সভার তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছর। পরবর্তী কালে ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে;

(ঙ) **শিক্ষক-কর্মচারী:** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো অনুসারে বেসরকারি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারী নিয়োগ করতে হবে।

সময় সময় সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলি প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত না হলেও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনবল কাঠামো অনুসারে যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে বেতন-ভাতাদি প্রদান করতে হবে। কোনোভাবেই সরকারের এমপিও দাবি করা যাবে না।

(চ) **লাইব্রেরি:** ট্রেড সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত প্রয়োজনীয় সংখ্যক (প্রতি বিষয়ে ন্যূনতম ৩০ টি) পাঠ্যপুস্তক ও অন্যান্য বই থাকতে হবে।

৫.২ **পাঠদানের অনুমোদন কার্যক্রম:**

(ক) **আবেদন বাছাই:** বোর্ডের সংশ্লিষ্ট শাখা প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের সুপারিশ করবে;

(খ) **প্রতিষ্ঠান পরিদর্শন:** প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠিপ্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় তথ্যাদি ও নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-০৯ অনুযায়ী প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবর দাখিল করবে;

(গ) **পাঠদানের অনুমোদন:** সুপারিশ কমিটি পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সভার মাধ্যমে পরিদর্শন প্রতিবেদনসহ আনুষঙ্গিক কাগজপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রতিষ্ঠানকে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে অনুমোদন কমিটি বরাবর সুপারিশ প্রেরন করবে। সুপারিশ কমিটি কর্তৃক উপযুক্ততা প্রমাণিত না হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানিয়ে দিতে হবে। সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড প্রতিষ্ঠানকে ০১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করবে। প্রতিষ্ঠানের পাঠদানের অনুমোদন প্রাপ্তি সংশ্লিষ্ট পরীক্ষার কেন্দ্র প্রদানের নিশ্চয়তা বিধান করে না। কেন্দ্র প্রদানের ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে;

(ঘ) পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান সরকারের অনুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের নাম ও স্থান পরিবর্তন করতে পারবে না। এর ব্যত্যয় হলে সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদান অনুমতি বাতিল/প্রত্যাহার করতে পারবে। তবে এক্ষেত্রে নীতিমালায় উল্লিখিত স্থান ও নাম পরিবর্তনের শর্তপূরণ সাপেক্ষে স্থান ও নাম পরিবর্তন করা যাবে।

৫.৩ **পাঠদানের অনুমতি নবায়ন :** পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রতিবছর প্রতি ট্রেডের জন্য অনুমতির মেয়াদ নবায়নের জন্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি প্রদান করতে হবে। প্রতিষ্ঠানের বিদ্যমান শিক্ষার্থী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ সাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ পরবর্তী ০১ (এক) বছরের জন্য নবায়ন করা হবে। পাঠদানের নবায়ন সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ধারাবাহিকভাবে ০৩ (তিন) বছর চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করলে স্বীকৃতির জন্য আবশ্যিকভাবে আবেদন করতে হবে। প্রতি ট্রেডভিত্তিক ব্যাচ/শিফট বৃদ্ধি হলে পাঠদানের অনুমতি নবায়ন ফি ৫০% অতিরিক্ত প্রদান করতে হবে। স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকেও প্রযোজ্য ফি প্রদান সাপেক্ষে পাঠদানের অনুমতি নবায়ন প্রতি বছর করতে হবে।

৫.৪ **পাঠদানের অনুমতি বাতিল/প্রত্যাহার:** নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, লাইব্রেরি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল করতে পারবে।

৬.০ **স্বীকৃতি অনুমোদন প্রক্রিয়া:**

৬.১ **স্বীকৃতি প্রাপ্তির শর্তসমূহ:**

(ক) স্বীকৃতিপ্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম ধারাবাহিকভাবে ০৩ (তিন) বছর চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় বিদ্যমান আসনের ৬০% পরীক্ষার্থী অংশগ্রহণ করে আসনের ৪০% উত্তীর্ণ হলে স্বীকৃতির জন্য আবেদন করতে পারবে;

(খ) প্রতিষ্ঠানের বিদ্যমান নিজস্ব অবকাঠামো, জনবল কাঠামো অনুসারে পূর্ণকালীন ন্যূনতম ৫০% শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ থাকতে হবে;

(গ) প্রতিষ্ঠানের নামে প্রয়োজনীয় জমি ও ঐ জমির উপর প্রয়োজনীয় অবকাঠামো ব্যাতিরেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না;

(ঘ) প্রযোজ্য শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না;

৬.২ **স্বীকৃতি নবায়ন:** স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের উল্লিখিত মেয়াদান্তে স্বীকৃতি নবায়ন করার জন্য বোর্ড নির্ধারিত পরিদর্শন ফি প্রদান সাপেক্ষে বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের সাথে সকল আনুষ্ঠানিকতা পূরণের প্রমাণক সংযুক্ত করতে হবে। সকল শর্তপূরণ থাকলে ০৩ (তিন) বছর মেয়াদে স্বীকৃতি নবায়ন করা হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনীয় কোনো শর্তপূরণ না হলে স্বীকৃতি নবায়ন করা হবে না। এরূপ ক্ষেত্রে উপযুক্ত কারণ দেখিয়ে স্বীকৃতি নবায়নের জন্য পুনরায় আবেদন করা যাবে।

৬.৩ **স্বীকৃতি বাতিল/প্রত্যাহার:**

(ক) প্রতিষ্ঠান অনুমোদন প্রদানকালে আরোপিত ও অনুমোদিত নীতিমালার শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এবং সময় সময় বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান, নীতিমালা ও নির্দেশাবলি পালন করতে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে। পরীক্ষা কেন্দ্র প্রাপ্তি ও সরকারের যে কোনো ধরনের আর্থিক অনুদান ও সুযোগ-সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে হালনাগাদ স্বীকৃতি সনদ আবশ্যক হবে;

(খ) অনুমোদন ব্যতিরেকে প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তন করা হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল/প্রত্যাহার করতে পারবে।

৭.০ **ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি প্রক্রিয়া:**

(ক) **ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি:** প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে আসনের ৫০% উত্তীর্ণ হলে ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। সেক্ষেত্রে বিদ্যমান অবকাঠামো/শিক্ষক এবং ক্লাসরুম বৃদ্ধি করতে হবে। ট্রেড সংযোজনের ক্ষেত্রে প্রয়োজনীয় ফ্লোরস্পেস ও যন্ত্রপাতি থাকতে হবে। ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির নির্ধারিত আবেদনপত্র পরিশিষ্ট-১০ পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র বোর্ডে জমা দিতে হবে;

(খ) প্রয়োজনীয় অবকাঠামো/যন্ত্রপাতি এবং অন্যান্য শিক্ষা উপকরণ ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমতি প্রদান করা হবে না;

(গ) **প্রতিষ্ঠান পরিদর্শন:** প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশ্যে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠি প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় তথ্যাদি ও নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-১০ অনুযায়ী প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবর দাখিল করবে;

(ঘ) **শিক্ষাক্রম/ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি অনুমোদন:** সুপারিশ কমিটি পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সভার মাধ্যমে পরিদর্শন প্রতিবেদনসহ আনুষঙ্গিক কাগজপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম/ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমোদন প্রদানের লক্ষ্যে অনুমোদন কমিটি বরাবর সুপারিশ প্রেরন করবে। সুপারিশ কমিটি কর্তৃক উপযুক্ততা প্রমাণিত না হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানিয়ে দিতে হবে। সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড ০১ (এক) বছরের জন্য শিক্ষাক্রম/ট্রেড সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমতি প্রদান করবে- যা পরবর্তীকালে শর্তপূরণ সাপেক্ষে নবায়ন করা যাবে। উল্লেখ্য ব্যাচ/শিফট বৃদ্ধি অর্থ আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ) এর গুণিতক বৃদ্ধি। প্রতি ব্যাচ/শিফট বৃদ্ধির জন্য পাঠদান নবায়ন ফি ৫০% অতিরিক্ত ফি প্রদান করতে হবে;

৮.০ **আসন সংখ্যা :** প্রতি ট্রেডে আসন সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ জন এবং ড্রপআউট ১০ (দশ) জন ।

৯.০ **স্থান পরিবর্তন:**

(ক) একটি জাতীয় ও একটি স্থানীয় পত্রিকায় স্থান পরিবর্তনের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের ক্ষেত্রে উপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক সরকারের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের পূর্বানুমতি পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

(খ) প্রতিষ্ঠান পরিদর্শন: বোর্ডের পূর্বানুমতি গ্রহণের পর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিস্বাক্ষরযুক্ত সভার কার্যবিবরণীসহ আবেদন করতে হবে। প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশ্যে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠিপ্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় তথ্যাদি ও নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবরে দাখিল করবে;

(গ) পাঠদানের সকল শর্তাবলি পূরণ সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড একই জেলার মধ্যে স্থানান্তরের অনুমতি প্রদান করতে পারবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে;

(ঙ) ভৌগোলিক ও প্রাকৃতিক কারণে যেমন: নদী ভাঙ্গন, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি অথবা সরকারের ভূমি অধিগ্রহণজনিত কারণে একই জেলার মধ্যে পাঠদানের শর্ত পূরণ সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্থান পরিবর্তন করতে পারবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে।

১০.০ **নাম পরিবর্তন:**

(ক) একটি স্থানীয় পত্রিকায় নাম পরিবর্তনের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের নীতিমালায় উল্লিখিত নামকরণের শর্তপূরণ সাপেক্ষে উপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। বোর্ড সঙ্গত মনে করলে নাম পরিবর্তনের পূর্বানুমতি প্রদান করবে। প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের পূর্বানুমতি ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে;

(খ) পূর্বানুমতি গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিস্বাক্ষরযুক্ত কার্যবিবরণীসহ আবেদন করতে হবে। পরিবর্তিত নামে সংরক্ষিত তহবিল, সাধারণ তহবিল থাকতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে;

(গ) কোন প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে অতিরিক্ত ০২ (দুই) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে প্রতিষ্ঠানের নামে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ পূর্বে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে মোট ২,৫০০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে;

(ঘ) সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের অনুমতি প্রদান করতে পারবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে।

১১.০ **পরিদর্শন ফি**:

প্রতিষ্ঠান পাঠদান, স্বীকৃতি, স্থান পরিবর্তন, ব্যাচ/শিফট বৃদ্ধি এবং ট্রেড সংযোজনের জন্য পরিদর্শন ফি বাবদ বোর্ড নির্ধারিত টাকা- সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে পে অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।

১২.০ **শিক্ষা কার্যক্রম:**

(ক) **পাঠ্যক্রম:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে;

(খ) **ক্লাসরুটিন:** শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে ক্লাসরুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে। রুটিনের এক কপি বোর্ডের কারিকুলাম শাখায় জমা দিতে হবে;

(গ) **ব্যবহারিক ক্লাস:** শিক্ষার্থীকে দক্ষ টেকনিশিয়ান/কারিগর/মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ব্যবহারিক ক্লাস পরিচালনার বিষয়টি নিশ্চিত করতে হবে;

(ঘ) **ধারাবাহিক মূল্যায়ন:** বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং রেকর্ডসমূহ সংরক্ষণ করতে হবে;

(ঙ) **ব্যবহারিক ক্লাসের দ্রব্যাদি:** ব্যবহারিক ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ব্যবহারিক ল্যাব/ওয়ার্কশপে প্রয়োজনীয় দ্রব্যাদি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানকে ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে বছরের শুরুতে বাজেট প্রণয়ন করতে হবে;

(চ) **ল্যাব:** নীতিমালা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ল্যাবে সুসজ্জিতকরণ, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ এবং ল্যাব সর্বদা ব্যবহার উপযোগী রাখতে হবে;

(ছ) **পরীক্ষানুষ্ঠান:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও নম্বর বিন্যাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠান ও মূল্যায়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(জ) **শিক্ষা বর্ষপঞ্জি:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে;

(ঝ) **শিক্ষক-কর্মচারীদের প্রশিক্ষণ:** অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানে যথাযথ শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মচারীদের প্রয়োজনে পেশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।

১৩.০ **ব্যাখ্যা:** এ নীতিমালার কোনো ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত থাকবে।

১৪.০ **প্রতিষ্ঠান সুপারিশ ও অনুমোদন কমিটি:**

(ক) সুপারিশ কমিটি (প্রতিষ্ঠান পাঠদান এবং নাম ও স্থান পরিবর্তন) পরিশিষ্ট-১১ অনুযায়ী একটি কমিটি থাকবে;

(খ) সুপারিশ কমিটি (স্বীকৃতি প্রদান, ট্রেড সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) পরিশিষ্ট-১২ অনুযায়ী একটি কমিটি থাকবে।

(গ) অনুমোদন কমিটি (প্রতিষ্ঠান পাঠদান, নাম ও স্থান পরিবর্তন, স্বীকৃতি প্রদান, ট্রেড সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) পরিশিষ্ট-১৩ অনুযায়ী একটি কমিটি থাকবে।

১৫.০ **সংরক্ষণ:** কোনো প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান এবং রহিতকরণের যে কোনো শর্ত শিথিল/আরোপ করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

১৬.০ **রহিতকরণ ও হেফাজত:** এই নীতিমালা কার্যকর হওয়ার সাথে সাথে এ সংক্রান্ত পূর্বের জারী-করা সকল প্রবিধান, নীতিমালা ও আদেশ রহিত হবে;

তবে, পূর্বের জারী-করা সকল প্রবিধান, নীতিমালা ও আদেশেকৃত কোনো কাজ, প্রদত্ত কোনো স্বীকৃতি বা সার্টিফিকেট, ইস্যুকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা নোটিশ, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্যধারা এই নীতিমালার অধীণকৃত, প্রণীত, প্রদত্ত, ইস্যুকৃত, গৃহীত বা সূচিত হয়েছে বলে গণ্য হবে;

তবে, পাঠদানের যেসব আবেদনের কার্যক্রম চলমান আছে কিন্তু এ নীতিমালা জারির তারিখে নিষ্পত্তি হয়নি, সেসব বিষয় ২০১৬ সালের এ সংক্রান্ত নীতিমালার আলোকে নিষ্পত্তি হবে।

২৭/৭/২০২০

(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

পরিশিষ্ট-১

# পাঠদানের আবেদনপত্র

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

**বরাবর**

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

**বিষয়ঃ <u>জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য পাঠদানের আবেদনপত্র।</u>**

১ শিক্ষা প্রতিষ্ঠান পরিচিতি

বেসরকারি নতুন প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে-বাংলাদেশ, ন্যাশনাল, জাতীয়, যুব উন্নয়ন, জেলার নাম, উপজেলার নাম, বিখ্যাত ব্যক্তির নাম, সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাবে না এবং বোর্ডে পূর্বে অনুমোদন আছে এমন কোনো প্রতিষ্ঠানের নামে নামকরণ করা যাবে না। প্রতিষ্ঠানের শেষে ট্রেনিং সেন্টার/ইন্সটিটিউট বা বোর্ড কর্তৃক গ্রহণযোগ্য নামকরণ করা যাবে

ক. শিক্ষা প্রতিষ্ঠানের নাম (বাংলা):

শিক্ষা প্রতিষ্ঠানের নাম (ইংরেজি):

খ. পূর্ণ ঠিকানা (বাংলা) (পোস্ট অফিসের কোড নংসহ অবশ্যই পূর্ণাঙ্গ ঠিকানা লিখতে হবে): গ্রাম/মহল্লা: পোষ্ট: উপজেলা: জেলা:

পূর্ণ ঠিকানা (ইংরেজি): Vill/Area: Post: Upazilla: District:

২ প্রতিষ্ঠানের একটি এবং ভেতরের প্রতি কক্ষের ছবি স্বাক্ষরসহ সংযোজন করুন।

৩ বর্তমানে চালু শিক্ষাক্রমসমূহ
(বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে)
(না থাকলে প্রযোজ্য নয় লিখতে হবে)

ক. অনুমোদিত শিক্ষাক্রমের নাম :

খ. অনুমোদিত ট্রেড/টেকনোলজির নাম (আসন সংখ্যাসহ) :

গ. মঞ্জুরি / অনুমোদন প্রাপ্তির সন :

ঘ. প্রতিষ্ঠানের কোড নং :

৪ প্রার্থীত ট্রেডের নাম ( নীতিমালায় প্রদত্ত ট্রেডের নাম অনুযায়ী লিখতে হবে)

| | | | |
|---|---|---|---|
| ১. | | ৫. | |
| ২. | | ৬. | |
| ৩. | | ৭. | |
| ৪. | | ৮. | |

৫ প্রতিষ্ঠান উদ্যোগী সংস্থা / উদ্যোগতাদের নির্বাহী কমিটি/শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটি থাকতে হবে। (কমিটির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং সিদ্ধান্তসমূহ রেজুলেশন বই অনুযায়ী সংযুক্ত করুন):

৬ প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো সংক্রান্ত তথ্যাবলী

ক. ভবনের মালিকানা : নিজস্ব / ভাড়া

১। (নিজস্ব হলে নাম জারিরপত্র/খাজনা রশিদ রেকর্ড সংযোজন করুন) :

২। (ভাড়ায় হলে ন্যূনতম ৫ বছরের চুক্তিনামা সংযোজন করুন। চুক্তিপত্রে প্রশিক্ষণ কেন্দ্রের নাম, কক্ষের মোট সংখ্যা এবং মোট আয়তন উল্লেখ থাকতে হবে): :

খ. কক্ষের মোট সংখ্যা (নীতিমালার ৩.৬ নং ধারা মোতাবেক পর্যাপ্ত শ্রেণিকক্ষ, ওয়ার্কশপ/ল্যাব, অফিস, স্টোর, লাইব্রেরী ও টয়লেট সুবিধা থাকতে হবে) : সংখ্যা .................. টি

গ. কক্ষের মোট আয়তন (১/২ টি ট্রেডের জন্য কমপক্ষে ১২০০ বর্গফুট জায়গা থাকতে হবে এরপর প্রতি ট্রেডের জন্য ৩৫০ বর্গফুট জায়গা বৃদ্ধি করতে হবে। ভাড়ার চুক্তিনামায় মোট স্পেস উল্লেখ থাকতে হবে। লে-আউট প্ল্যান সংযোজন করুন) : স্পেস .................. বর্গফুট

৭ আর্থিক সংস্থান

ক. প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যদের/ উদ্যোক্তাদের আয়ের উৎস এবং বাৎসরিক আয়ের রেকর্ড সংযোজন করুন :

খ. ব্যাংক ব্যালেন্স :

(প্রতিষ্ঠানের নামে ব্যাংক অ্যাকাউন্ট থাকতে হবে এবং প্রতিষ্ঠানের নামে FDR থাকতে হবে।)

১। সংরক্ষিত তহবিল ( FDR) : .......................... টাকা

(ব্যাংক রেকর্ড সংযোজন করুন):

২। সাধারণ তহবিল (সঞ্চয়ী হিসাব/চলতি হিসাব) : .......................... টাকা

(ব্যাংক রেকর্ড সংযোজন করুন):

৮ প্রার্থীত শিক্ষাক্রম উপযোগী যন্ত্রপাতির বিবরণ :

(ট্রেড অনুযায়ী পর্যাপ্ত যন্ত্রপাতি থাকতে হবে। ইকুইপমেন্ট/টুলস/যন্ত্রপাতির তালিকা সংযোজন করুন।)

৯ প্রতিষ্ঠানে চালু কম্পিউটারের সংখ্যা (কম্পিউটার সংশ্লিষ্ট ট্রেডের ক্ষেত্রে) উল্লেখ করুন : ........................টি

( কমপক্ষে ২০ টি কম্পিউটার থাকতে হবে। কম্পিউটার ক্রয়ের ভাউচার সংযোজন করুন)

১০ শিক্ষা উপকরণ ও আসবাবপত্রের বিবরণ ( পর্যাপ্ত শিক্ষা উপকরণ ও আসবাবপত্র থাকতে হবে। শিক্ষা উপকরণ ও আসবাবপত্রের তালিকা সংযোজন করুন): :

১১ শিক্ষক/ ট্রেড ইন্সট্রাকটরবৃন্দের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রতি ট্রেডের জন্য কমপক্ষে একজন শিক্ষক/ট্রেড ইন্সট্রাকটর থাকতে হবে) :

( শিক্ষক /ট্রেড ইন্সট্রাকটরবৃন্দের ছবি ও ভোটার আইডি কার্ডের ফটোকপিসহ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ সংযোজন করুন।)

১২ সংশ্লিষ্ট শিক্ষাক্রমের বইয়ের সংখ্যা (প্রতি বিষয়ে কমপক্ষে ৩০টি বই থাকতে হবে ) : .......................... টি

(বইয়ের নামসহ তালিকা সংযোজন করুন)

১৩ বিদ্যুৎ সুবিধা :

(বিদ্যুৎ সংযোগের প্রমাণপত্র সংযোজন করুন)

১৪ মূল অঙ্গীকারনামা সংযুক্ত করুন (৩০০ টাকার স্টাম্পে) :

উপরোল্লিখিত বিবরণ সত্য। আবেদনে উল্লিখিত মঞ্জুরির জন্য অনুরোধ করা হল। মঞ্জুরি পাওয়া গেলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের জাতীয় দক্ষতামান বেসিক ট্রেড শিক্ষাক্রম পরিচালনা সংক্রান্ত সকল আইন-কানুন ও সিদ্ধান্ত মেনে চলতে বাধ্য থাকব।

আবেদনকারীর স্বাক্ষর :

নাম :

পূর্ণ ঠিকানা :

ফোন/মোবাইল নম্বর :

ই-মেইল :

পরিশিষ্ট- ২

**জাতীয় দক্ষতামান বেসিক ট্রেড (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রমের আবেদন ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে**

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ১. | প্রতিষ্ঠানের ছবি/প্রতি কক্ষের ছবি (রঙিন-বড়) |
| ২. | এফডিআর (স্টেটম্যান্টসহ) (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ৩. | কারেন্ট একাউন্ট (স্টেটম্যান্টসহ) (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ৪. | বিদ্যুৎ বিলের কপি (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ৫. | ভাড়ার চুক্তিনামা (বর্তমান সময় হতে ৫ বছরের ৩০০/- স্ট্যাম্পে) (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ৬. | কমিটির রেজুলেশন (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ৭. | মূল অঙ্গীকারনামা (নীতিমালা অনুযায়ী ৩০০/- স্ট্যাম্পে) (মূল কপি) |
| ৮. | কমিটির সদস্যদের আয়ের উৎসের তালিকা (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ৯. | শিক্ষকদের তালিকা ও সনদ (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ১০. | আসবাবপত্রের তালিকা (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ১১. | পাঠ্য বইয়ের তালিকা (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ১২. | স্পেস/লে-আউট প্ল্যান (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |
| ১৩. | শিক্ষা উপকরণের তালিকা (প্রতিষ্ঠানের পরিচালক কর্তৃক সত্যায়িত ফটোকপি) |

পরিশিষ্ট- ৩

# অঙ্গীকারনামা

এ মর্মে অঙ্গীকার করা যাচেছ যে, জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স পরিচালনার পাঠদানের আবেদপত্রে/অ্যাফিলিয়েশন এর আবেদনপত্রে ও সংযোজনীতে প্রদত্ত তথ্যাবলি সত্য। নীতিমালায় বর্ণিত শর্তাবলি পূরণ করা হয়েছে এবং পরবর্তিতে বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ ও বিধানাবলি পালন করা হবে। আবেদনে বর্ণিত তথ্যাবলি অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হলে আমার/আমাদের কোনো প্রকার আপত্তি থাকবে না।

সভাপতি
ব্যবস্থাপনা কমিটি/সাংগঠনিক কমিটি
(সীলসহ স্বাক্ষর)

সদস্য-সচিব
(সীলসহ স্বাক্ষর)

পরিশিষ্ট-৪

# সাংগঠনিক কমিটি

.................................খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির সদস্যগণ:

| | | |
|---|---|---|
| ছবি<br>(পাসপোর্ট সাইজ) | | ছবি<br>(পাসপোর্ট সাইজ) |
| (নাম)<br>সভাপতি/প্রতিষ্ঠাতা<br>এনআইডি নং | | (নাম)<br>এনআইডি নং |

| | | | | |
|---|---|---|---|---|
| ছবি<br>(পাসপোর্ট সাইজ) | | ছবি<br>(পাসপোর্ট সাইজ) | | ছবি<br>(পাসপোর্ট সাইজ) |
| (নাম)<br>সদস্য-১<br>এনআইডি নং | | (নাম)<br>সদস্য-২<br>এনআইডি নং | | (নাম)<br>সদস্য সচিব<br>এনআইডি নং |

(নাম)
সভাপতি

প্রতিষ্ঠানের নাম
মোবাইল:
ই-মেইল:

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

২. সংরক্ষিত নথি।

পরিশিষ্ট-৫

## বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | আহবায়ক |
| ২. | মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৩. | কারিকুলাম বিশেষজ্ঞ/উপ-পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪. | কারিকুলাম/পরিদর্শন বিভাগের সংশ্লিষ্ট ডেস্ক অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য-সচিব |

পরিশিষ্ট-৬

## ভৌত অবকাঠামো, ২ (দুই) টি ট্রেডের জন্য

| | | | |
|---|---|---|---|
| শ্রেণিকক্ষ | ন্যূনতম পক্ষে ৩৫০ বর্গফুট | ১টি | দুইটি ট্রেডের জন্য ন্যূনতম ১২০০ বর্গফুট তবে সংশ্লিষ্ট ট্রেডের জন্য নির্ধারিত শ্রেণি কক্ষ ও ল্যাব সুবিধা থাকতে হবে। |
| ওয়ার্কশপ/ল্যাব | ন্যূনতম পক্ষে ৩৫০ বর্গফুট | ১টি | |
| অফিস, স্টোর , লাইব্রেরি ও অন্যান্য | ন্যূনতম পক্ষে ৪০০ বর্গফুট | | |
| প্রতিষ্ঠান সংলগ্ন টয়লেট সুবিধা থাকতে হবে (ছাত্র এবং ছাত্রীদের আলাদা টয়লেট সুবিধা থাকতে হবে।) | ১০০ বঃ ফুঃ (ন্যূনতম ২টি) | | |

প্রতিবন্ধী শিক্ষার্থীদের চলাচলের সুবিধার জন্য র‍্যাম নির্মাণ করতে হবে।
প্রতিষ্ঠানে কমপক্ষে ৬-৮ ফুট চওড়া পর্যাপ্ত পরিমাণ জায়গা বারান্দা/করিডোর হিসেবে থাকতে হবে।
প্রতিষ্ঠানের মোট আয়তনের ন্যূনতম ১০% গ্রীন স্পেস-এর জন্য থাকতে হবে।
শিক্ষক, শিক্ষার্থী ও আগত অভিভাবকগণের জন্য সুপেয় পানির ব্যবস্থা থাকতে হবে।

অতিরিক্ত প্রতি ট্রেডের জন্য ৩৫০ বর্গফুটের ল্যাব/ওয়ার্কশপ এর সংখ্যা বাড়াতে হবে। ওয়ার্কশপ/ল্যাবরেটরির দেয়াল ও মেঝে অবশ্যই পাকা হতে হবে।

পরিশিষ্ট-৭

## জনবল কাঠামো

বেসিক ট্রেড কোর্সসহ স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য প্রতি ট্রেডে এসআরও নং-৫৪-আইন/৯৬ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন নিম্নে বর্ণিত জনবল থাকতে হবে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিচালক/অধ্যক্ষ | ১ (এক) জন | ২২০০০-৫৩০৬০/- ৯ম গ্রেড | স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে বি.এস.সি (ইঞ্জিনিয়ারিং)/সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম পাঁচ বৎসরের অভিজ্ঞতা অথবা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/স্নাতকসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম পাঁচ বৎসরের অভিজ্ঞতা এবং কারিগরি শিক্ষা বোর্ডের ৩৬০ ঘন্টা/ ৬ মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন। |
| ০২ | ট্রেড ইন্সট্রাকটর | ১ জন (প্রতি ট্রেড) | ১৬০০০-৩৮৬৪০ (১০ম গ্রেড) | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন বা উহার সমমানসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকসহ কারিগরি শিক্ষা বোর্ডের ৩৬০ ঘন্টা/ ৬মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন। |
| ০৩ | টেকনিক্যাল ল্যাব/সপ এ্যাসিসটেন্ট | ১ জন (প্রতি ২ ট্রেড) | ৯৩০০-২২৪৯০/- (গেড-১৬) | এসএসসি (ভোক) অথবা সংশ্লিষ্ট ট্রেডে ৬ মাস মেয়াদি সার্টিফিকেট কোর্স উত্তীর্ণসহ এসএসসি/সমমান পরীক্ষায় পাস হতে হবে। |
| ০৪ | অফিস সহকারি কাম হিসাব সহকারি | ১ জন | ৯৩০০-২২৪৯০/- (গেড-১৬) | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বাণিজ্য) বা উহার সমমানসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ। |
| ০৫ | গার্ড কাম এম এল এস এস | ১ জন | ৮২৫০-২০০১০/- (গেড-২০) | অষ্টম শ্রেণি পাশ। তবে প্রতিরক্ষা সার্ভিসের প্রাক্তন সদস্যকে অগ্রাধিকার দেওয়া হবে। |

পরিশিষ্ট-৮

# আসবাবপত্র ও শিক্ষা উপকরণ

অফিসকক্ষ:

| | | |
|---|---|---|
| ০১) | ফুল সেক্রেটারিয়াল টেবিল | ০১টি |
| ০২) | ফাইল কেবিনেট | ০১টি |
| ০৩) | ষ্টীল আলমীরা | ০১টি |
| ০৪) | কম্পিউটার | ০১টি (প্রিন্টার ও ইন্টারনেট সংযোগসহ) |

টিচার্স কমন রুম:

| | | |
|---|---|---|
| ০১) | লম্বা টেবিল | ০১টি |
| ০২) | আর্মড কুশন চেয়ার | ০৫টি |
| ০৩) | ফাইল কেবিনেট | ০১ টি |

ছাত্রীদের কমন রুম/ছাত্রদের কমন রুম: (প্রতিটির জন্য)

| | | |
|---|---|---|
| ০১) | বেঞ্চ: | ০৪ (চার) টি |
| ০২) | প্রয়োজনীয় খেলার সরঞ্জামাদি | |

ট্রেড ভিত্তিক বিভিন্ন যন্ত্রপাতির মডেল শিক্ষা উপকরণ হিসেবে থাকতে হবে।

লাইব্রেরি:

০১) প্রতি ট্রেডের জন্য বইয়ের র‍্যাক: ১টি

০২) প্রতি ট্রেড গ্রুপের জন্য ০৫ (পাঁচ) টি চেয়ার এবং একটি টেবিল

শ্রেণিকক্ষ:

| | | |
|---|---|---|
| ০১) | লেকচার টেবিল: | ০১টি (প্রতিরুম) |
| ০২) | ডায়াস: | ০১টি (প্রতিরুম) |

ল্যাব ও শপ

প্রতিশপে/ল্যাবে ব্যবহারিক কাজের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার ও টেবিল।

পরিশিষ্ট-৯

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা-১২০৭।

**বরাবর**

পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা

বিষয়ঃ জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার **পাঠদান** অনুমোদনের জন্য পরিদর্শন প্রতিবেদন।

১ পরিদর্শনের সূত্র :

২ পরিদর্শনের তারিখ :

৩ শিক্ষা প্রতিষ্ঠান পরিচিতি

ক শিক্ষা প্রতিষ্ঠানের নাম (বাংলায়) :

শিক্ষা প্রতিষ্ঠানের নাম (ইংরেজি) :

খ পূর্ণ ঠিকানা (পোস্ট অফিসের কোড নং সহ) : গ্রাম/মহল্লা/রোড : ডাকঘর :

উপজেলা/থানা : জেলা :

৪ প্রার্থীত শিক্ষাক্রম

(প্রার্থীত ট্রেডের নাম)

| | | | |
|---|---|---|---|
| ১. | | ৫. | |
| ২. | | ৬. | |
| ৩. | | ৭. | |
| ৪. | | ৮. | |

৫ কমিটির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং সিদ্ধান্তসমূহ রেজুলেশন বই অনুযায়ী সংযুক্ত করুন :

৬ প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো

ক. ভবনের মালিকানা: ☐ নিজস্ব ☐ ভাড়া

১। (নিজস্ব হলে নাম জারিরপত্র/খাজনা রশিদ রেকর্ড সংযোজন করুন) :

২। (ভাড়া হলে চুক্তিনামা সংযোজন করুন) :

(কমপক্ষে ৫ বছরের ভাড়ার চুক্তি থাকতে হবে)

খ. কক্ষের মোট সংখ্যা (পর্যাপ্ত শ্রেনিকক্ষ, ওয়ার্কশপ/ল্যাব, অফিস, স্টোর, লাইব্রেরী ও টয়লেট সুবিধা থাকতে হবে) : সংখ্যা ...................... টি

গ. কক্ষের মোট স্পেস

(১/২ টি ট্রেডের জন্য কমপক্ষে ১২০০ বর্গফুট জায়গা থাকতে হবে। এরপর প্রতি ১টি ট্রেডের জন্য ৩৫০ বর্গফুট জায়গা বৃদ্ধি করতে হবে।) : .................... বর্গফুট

৭ আর্থিক সংস্থান

ক. প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যদের আয়ের উৎস এবং বাৎসরিক আয়ের :
রেকর্ড সংযোজন করুন

খ. ব্যাংক ব্যালেন্স (প্রতিষ্ঠানের নামে ব্যাংক একাউন্ট থাকতে হবে এবং প্রতিষ্ঠানের নামে এফডিআর থাকতে হবে।)
(ব্যাংক রেকর্ড সংযোজন করুন)

১ ১। সংরক্ষিত তহবিল (FDR) :
(ব্যাংক রেকর্ড সংযোজন করুন)

২ সাধারণ তহবিল (চলতি/সঞ্চয়ী হিসাব) :
(ব্যাংক রেকর্ড সংযোজন করুন।)

৮ প্রার্থীত শিক্ষাক্রম উপযোগী যন্ত্রপাতির বিবরণ : ☐ পর্যাপ্ত আছে ☐ পর্যাপ্ত নাই
(ইকুইপমেন্ট/টুলস-এর তালিকা সংযোজন করুন)

৯ প্রতিষ্ঠানে চালু কম্পিউটারের সংখ্যা (কম্পিউটার সংশ্লিষ্ট ট্রেডের ক্ষেত্রে) উল্লেখ করুন : ..................... টি
**(কমপক্ষে ২০টি কম্পিউটার থাকতে হবে)**

১০ শিক্ষা উপকরণ ও আসবাবপত্রের বিবরণ : ☐ পর্যাপ্ত আছে ☐ পর্যাপ্ত নাই
(শিক্ষা উপকরণ ও আসবাবপত্রের তালিকা সংযোজন করুন)

১১ শিক্ষক/ট্রেড ইন্সট্রাক্টরবৃন্দের যোগ্যতা ও অভিজ্ঞতা : ☐ যোগ্যতা সম্পন্ন শিক্ষক/ট্রেড ইন্সট্রাক্টর ☐ আছে ☐ নাই
(প্রতি ট্রেডে কমপক্ষে একজন শিক্ষক/ট্রেড ইন্সট্রাক্টর থাকতে হবে। শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ সংযোজন করুন।)

☐ শিক্ষক/ট্রেড ইন্সট্রাক্টর সংখ্যাঃ------------জন

১২ ক. সংশ্লিষ্ট শিক্ষাক্রমের পর্যাপ্ত বই (প্রতি বিষয়ে কমপক্ষে ৩০টি বই থাকতে হবে।) : ☐ আছে ☐ নাই
বইয়ের সংখ্যা ..................... টি

খ. বাস্তব ভিত্তিক পঠন-পাঠন পরিবেশ : ☐ প্রশিক্ষণ উপযোগী ☐ অনুপযোগী

গ. বিদ্যুৎ সুবিধা : ☐ আছে ☐ নাই
(বিদ্যুৎ সংযোগের প্রমাণপত্র সংযোজন করুন)

ঘ. যোগাযোগ ব্যবস্থা : ☐ ভালো ☐ খারাপ

১৩ সুপারিশ
(ট্রেড উল্লেখপূর্বক সুস্পষ্ট মতামতসহ) লিপিবদ্ধ করুন

..............................
পরিদর্শকের স্বাক্ষর
নাম, ঠিকানা, ফোন নম্বর সীলসহ

..............................
পরিদর্শকের স্বাক্ষর
নাম, ঠিকানা, ফোন নম্বর সীলসহ

পরিশিষ্ট-১০

# ট্রেড সংযোজন/আসন বৃদ্ধি/ব্যাচ বৃদ্ধির আবেদন ফরম

| প্রতিষ্ঠান কোড: |
|---|
| |

বাংলাদেশ কারিগরিশিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা-১২০৭।

বরাবর
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরিশিক্ষা বোর্ড, ঢাকা।
দৃষ্টিআকর্ষণ: পরিদর্শক

**বিষয়ঃ জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা) মেয়াদী পরিচালনার নাম/স্থান পরিবর্তন/ট্রেড/আসন বৃদ্ধির আবেদনের জন্য পরিদর্শন প্রতিবেদন।**

১. পরিদর্শনের সূত্র
২. পরিদর্শনের তারিখ
৩. শিক্ষা প্রতিষ্ঠান পরিচিতি

ক. শিক্ষা প্রতিষ্ঠানের নাম (বাংলা) :
শিক্ষা প্রতিষ্ঠানের নাম (ইংরেজি) :

খ. পূর্ণ ঠিকানা (বাংলা) (পোস্ট অফিসের কোড নং সহ) — গ্রাম/মহল্লা : — পোস্ট :
থানা : — জেলা :

পূর্ণ ঠিকানা (ইংরেজি) — Vill/Area : — Post :
Upozilla : — District :

E-mail address :

৪. নাম/ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত নাম ও ঠিকানা:

ক. শিক্ষা প্রতিষ্ঠানের নাম (বাংলা) :
শিক্ষা প্রতিষ্ঠানের নাম (ইংরেজি) :

খ. পূর্ণ ঠিকানা (বাংলা) (পোস্ট অফিসের কোড নং সহ) — গ্রাম/মহল্লা : — পোস্ট :
থানা : — জেলা :

পূর্ণ ঠিকানা (ইংরেজি) — Vill/Area : — Post :
Upozilla : — District :

৫. বর্তমান চালু শিক্ষাক্রম সমূহ :
অনুমোদিত ট্রেড/টেকনোলজির নাম (আসন সংখ্যা সহ)

| |
|---|
| |

ক. প্রার্থীত ট্রেডের নাম ট্রেড কোড সহ (ট্রেড বৃদ্ধির ক্ষেত্রে):

| | | | |
|---|---|---|---|
| ১. | | ৪. | |
| ২. | | ৫. | |
| ৩. | | ৬. | |

৫.প্রার্থীত ট্রেডের নাম ট্রেড কোড সহ (আসন বৃদ্ধির ক্ষেত্রে):

| | | | |
|---|---|---|---|
| ১. | | ৪. | |
| ২. | | ৫. | |
| ৩. | | ৬. | |

৬. প্রতিষ্ঠানের বিগত পরীক্ষার (প্রার্থীত ট্রেডের) পরিসংখ্যাণ যাচাই পূর্বক রেকর্ড সংযোজন করুন:

৭. প্রতিষ্ঠানের উদ্যোগী সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি আছে ☐ নাই ☐

৮. কমিটির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং সিদ্ধান্ত সমূহ রেজুলেশন বই অনুযায়ী

০৯. প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো

১০. ভবনের মালিকানা : নিজস্ব ☐ ভাড়া ☐

১। নিজস্ব হলে নামজারিপত্র/খাজনা রেকর্ড সংযোজন করুন :

২। ভাড়ায় হলে চুক্তিনামা সংযোজন করুন :

ক. কক্ষের মোট সংখ্যা : সংখ্যা ............ টি

খ. কক্ষের মোট স্পেস (ভাড়ার চুক্তিনামা ও বাস্তব অবস্থা অনুসারে) : ......................... বর্গফুট

১১. আর্থিক সংস্থান

ক. প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যদের আয়ের উৎস এবং বার্ষিক আয়ের রেকর্ড সংযোজন করুন

খ. ব্যাংকব্যালেন্স (ব্যাংক রেকর্ড সংযোজন করুন) :

১। সংরক্ষিত তহবিল :

২। সাধারন তহবিল

১২. প্রার্থীত শিক্ষাক্রম উপযোগী যন্ত্রপাতির বিবরণ (ইকুপমেন্ট/টুলস এর তালিকা সংযোজন করুন) : ☐ পর্যাপ্ত আছে ☐ পর্যাপ্ত নাই

১৩. প্রতিষ্ঠানে চালু কম্পিউটারের সংখ্যা (কম্পিউটার সংশ্লিষ্ট ট্রেডের ক্ষেত্রে) উল্লেখ করুন : ..............টি

১৪.শিক্ষা উপকরণ ও আসবাবপত্রের বিবরণ (উপকরণ ও আসবাবপত্রের তালিকা সংযোজন করুন) : ☐ পর্যাপ্ত আছে ☐ পর্যাপ্ত নাই

১৫. শিক্ষকবৃন্দের যোগ্যতা ও অভিজ্ঞতা তালিকা সংযোজন করুন। যোগ্যতা সম্পন্ন শিক্ষক আছে/নাই

১৬. ক) সংশ্লিষ্ট শিক্ষাক্রমের পর্যাপ্ত বই : ☐ পর্যাপ্ত আছে ☐ পর্যাপ্ত নাই

: বইয়ের সংখ্যা ....................টি

খ। বাস্তব ভিত্তিক পঠন পাঠন পরিবেশ : ☐ প্রশিক্ষণ উপযোগী ☐ প্রশিক্ষণ অনুপযোগী

গ। বিদ্যুৎসুবিধা (বিদ্যুৎসংযোগের প্রমানপত্র সংযোজন করুন) : ☐ আছে ☐ নাই

ঘ। যোগাযোগব্যবস্থা : ☐ ভালো ☐ খারাপ

১৭.ট্রেড অনুযায়ী শিক্ষকের তালিকা সংযোজন করুন

১৮. পাঠদান/ট্রেড সংযোজন/আসন বৃদ্ধির সর্বশেষ কপি সংযোজন করুন।

১৯. ফলাফল (ফলাফলের সর্বশেষ কপি সংযোজন করুন)

২০.সুপারিশ (ট্রেড ও আসন বৃদ্ধি যাচ উল্লেখ পূর্বক সুস্পষ্ট মতামত সহ) লিপিবদ্ধ করুন :

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম, ঠিকানা, ফোন নম্বর ও সীলসহ

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম, ঠিকানা, ফোন নম্বর ও সীলসহ

পরিশিষ্ট-১১

## সুপারিশ কমিটি (প্রতিষ্ঠান পাঠদান, শিক্ষাক্রম সংযোজন এবং নাম/স্থান পরিবর্তন)

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সভাপ |
| ২. | সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৩. | পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৪. | পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৫. | কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য সচিব |

বিঃ দ্রঃ কমিটির কোনো সদস্য প্রতিষ্ঠান অনুমোদন সংক্রান্ত পরিদর্শনে অংশগ্রহণ করতে পারবেন না।

পরিশিষ্ট: ১২

## সুপারিশ কমিটি (স্বীকৃতি প্রদান, ট্রেড সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি)

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সভাপতি |
| ২. | সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৩. | পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৪. | পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৫. | উপ পরিদর্শক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য সচিব |

বিঃ দ্রঃ কমিটির কোনো সদস্য প্রতিষ্ঠান অনুমোদন সংক্রান্ত পরিদর্শনে অংশগ্রহণ করতে পারবেন না।

পরিশিষ্ট: ১৩

## অনুমোদন কমিটি (প্রতিষ্ঠান পাঠদান, শিক্ষাক্রম সংযোজন, নাম/স্থান পরিবর্তন, স্বীকৃতি প্রদান, ট্রেড সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি)

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর মনোনীত প্রতিনিধি (পরিচালকের নীচে নয়) | সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর মনোনীত প্রতিনিধি (পরিচালকের নীচে নয়) | সদস্য |
| ৪. | যুগ্ম সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৬. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য সচিব |

পরিশিষ্ট-১৪

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি)

| ক্রমিক নং | ট্রেডের নাম | ট্রেড কোড |
|---|---|---|
| ১. | ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট | ০০২ |
| ২. | সিএনসি মেশিন অপারেটর (লেদ) | ০০৩ |
| ৩. | এমব্রয়ডারি মেশিন অপারেটর অ্যান্ড মেইনটেন্যান্স | ০০৪ |
| ৪. | বেসিক ক্রিয়েটিভ ফাইন আর্টস অ্যাপ্লিকেশন | ০০৫ |
| ৫. | ডেইরি ফার্ম ম্যানেজমেন্ট | ০০৬ |
| ৬. | ফায়ার সায়েন্স অ্যান্ড অকোপেশনাল সেফটি | ০০৭ |
| ৭. | উইভিং (টেক্সটাইল) | ০০৮ |
| ৮. | বিল্ডিং কন্সট্রাকশন পেইন্টিং | ০০৯ |
| ৯. | অটো মেকানিকস | ০১০ |
| ১০. | এআরসি ওয়েল্ডিং | ০১১ |
| ১১ | এআরসি অ্যান্ড গ্যাস ওয়েল্ডিং | ০১২ |
| ১২. | আর্মেচার ওয়েল্ডিং | ০১৩ |
| ১৩. | বিল্ডিং মেইনটেন্যান্স | ০১৪ |
| ১৪. | বিল্ডিং অ্যান্ড আর্কিটেকচারাল ড্রাফটিং | ০১৫ |
| ১৫. | কম্পিউটার অপারেটর | ০১৬ |
| ১৬. | ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং | ০১৭ |
| ১৭. | ইলেকট্রিক্যাল লাইন মেইনটেন্যান্স | ০১৮ |
| ১৮. | ফার্ম মেশিনারি | ০১৯ |
| ১৯. | ফার্নিচার অ্যান্ড কেবিনেট মেকিং | ০২০ |
| ২০. | জেনারেল মেকানিক্স | ০২১ |
| ২১. | মেশিনিস্ট | ০২২ |
| ২২. | মেইনটেন্যান্স অফ ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট | ০২৩ |
| ২৩. | মেকানিক্যাল ড্রাফটিং | ০২৪ |
| ২৪. | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং | ০২৫ |
| ২৫. | রেডিও অ্যান্ড টেলিভিশন সার্ভিসিং | ০২৬ |
| ২৬. | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং | ০২৭ |
| ২৭. | আইটি সাপোর্ট টেকনিশিয়ান | ০২৮ |
| ২৮. | ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং | ০২৯ |
| ২৯. | মটর সাইকেল অ্যান্ড মিশুক মেকানিক্স | ০৩০ |
| ৩০. | মিড লেভেল সুপারভাইজার | ০৩১ |
| ৩১. | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন | ০৩২ |
| ৩২. | জেনারেল ইলেকট্রিশিয়ান | ০৩৩ |
| ৩৩. | অটোক্যাড | ০৩৪ |
| ৩৪. | মোবাইল ফোন সার্ভিসিং | ০৩৫ |
| ৩৫. | মেশন | ০৩৬ |
| ৩৬. | ইলেকট্রিশিয়ান | ০৩৭ |
| ৩৭. | ফুড অ্যান্ড বেভারেজ প্রডাকশন | ০৩৮ |
| ৩৮. | ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস | ০৩৯ |
| ৩৯. | ফ্রন্ট অফিস ম্যানেজমেন্ট | ০৪০ |
| ৪০. | হাউজ কিপিং | ০৪১ |
| ৪১. | টেলিকমিউনিকেশন অ্যান্ড ক্যাবল লেইং | ০৪২ |
| ৪২. | সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন | ০৪৩ |
| ৪৩. | এগ্রিকালচারাল মেশিন মেইনটেন্যান্স | ০৪৪ |

| | | |
|---|---|---|
| ৪৪. | সার্টিফিকেট-ইন-স্ক্রিন প্রিন্টিং | ০৪৫ |
| ৪৫. | লেদার গুডস অ্যান্ড ফুটওয়্যার | ০৪৬ |
| ৪৬. | সিভিল কনস্ট্রাকশন | ০৪৭ |
| ৪৭. | আমিনশীপ | ০৪৮ |
| ৪৮. | গ্রাফিক্স অ্যান্ড এনিমেশন | ০৪৯ |
| ৪৯. | এক্টিং এন্ড প্রেজেন্টেশন | ০৫০ |
| ৫০. | আর্ট অব স্টিল ফটোগ্রাফি | ০৫১ |
| ৫১. | ক্যামেরা অ্যান্ড লাইটিং টেকনিক | ০৫২ |
| ৫২. | ডাইরেকশন অব টিভি জার্নালিজম | ০৫৩ |
| ৫৩. | ভিডিও এডিটিং অ্যান্ড সাউন্ড রেকর্ডিং | ০৫৪ |
| ৫৪. | মেশনারি অ্যান্ড রড বাইন্ডিং | ০৫৫ |
| ৫৫. | কার্পেন্ট্রি (ডোর, উইনডো অব সাটারস) | ০৫৬ |
| ৫৬. | ইলেকট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স | ০৫৭ |
| ৫৭. | ড্রাফটিং সিভিল | ০৫৮ |
| ৫৮. | অডিও ভিডিও | ০৫৯ |
| ৫৯. | হর্টিকালচার নার্সারী | ০৬০ |
| ৬০. | অ্যাপারেল মার্চেন্ডাইজিং | ০৬১ |
| ৬১. | প্যাটার্ণ মেকিং, কাটিং অ্যান্ড গ্রেডিং | ০৬২ |
| ৬২. | ওয়ার্ক স্টাডি প্রডাকশন প্লানিং অ্যান্ড কন্ট্রোল ফর অ্যাপারেল ম্যানুফেকচারিং | ০৬৩ |
| ৬৩. | বাঁশ বেত অ্যান্ড পাটি শিল্প | ০৬৪ |
| ৬৪. | পেস্ট্রি অ্যান্ড বেকারি প্রডাকশন | ০৬৫ |
| ৬৫. | ট্রাভেল ট্যুর অপারেশন | ০৬৬ |
| ৬৬. | ওয়েল্ডিং | ০৬৭ |
| ৬৭. | ড্রাইভিং কাম অটো মেকানিকস | ০৬৮ |
| ৬৮. | ইনটেরিয়র ডেকোরেশন (জিপসাম ডেকোরেশন) | ০৬৯ |
| ৬৯. | ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন | ০৭০ |
| ৭০. | ডাকটিং অ্যান্ড ফেব্রিকেশন | ০৭১ |
| ৭১. | হেয়ার ড্রেসিং | ০৭২ |
| ৭২. | সার্টিফিকেট-ইন-প্যাটার্ণ মেকিং | ০৭৩ |
| ৭৩. | সেক্রেটারিয়াল সায়েন্স | ০৭৪ |
| ৭৪. | বিল্ডিং অ্যান্ড আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড | ০৭৫ |
| ৭৫. | কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন | ০৭৬ |
| ৭৬. | হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং | ০৭৭ |
| ৭৭. | কম্পিউটার প্রোগ্রামিং | ০৭৮ |
| ৭৮. | ডাটাবেস প্রোগ্রামিং | ০৭৯ |
| ৭৯. | অবজেক্ট অরিয়েন্টেড প্রোগ্রামিং | ০৮০ |
| ৮০. | গ্রাফিক্স ডিজাইন অ্যান্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং | ০৮১ |
| ৮১. | শীপ ফেব্রিকেশন | ০৮২ |
| ৮২. | ওয়েল্ডিং ৪জি | ০৮৩ |
| ৮৩. | ওয়েল্ডিং ৬জি | ০৮৪ |
| ৮৪. | ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন অ্যান্ড মেইনটেন্যান্স | ০৮৫ |
| ৮৫. | টিগ অ্যান্ড মিগ | ০৮৬ |
| ৮৬. | সুয়েটার নিটিং মেশিন অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স | ০৮৭ |
| ৮৭. | টাইলস অ্যান্ড সেটিং | ০৮৮ |
| ৮৮. | এয়ার হোস্টেস অ্যান্ড কেবিন ক্রু | ০৮৯ |
| ৮৯. | এভিয়েশন ম্যানেজমেন্ট | ০৯০ |
| ৯০. | ট্রাভেল ট্যুরিজম অ্যান্ড টিকেটিং | ০৯১ |
| ৯১. | ডিজেল মেকানিক্স | ০৯২ |

| | | |
|---|---|---|
| ৯২. | বেসিক ট্রেড কোর্স ইন ইস্পুরেন্স | ০৯৩ |
| ৯৩. | প্রোগ্রামেবল লজিক কন্ট্রোলার | ০৯৪ |
| ৯৪. | জেনারেল ইলেকট্রনিক্স | ০৯৫ |
| ৯৫. | ব্লক বাটিক অ্যান্ড প্রিন্টিং | ০৯৬ |
| ৯৬. | প্রফিসিয়েনসি ইন ইংলিশ কমিউনিকেশন | ০৯৭ |
| ৯৭. | মেরিন ইলেকট্রিশিয়ান | ০৯৮ |
| ৯৮. | জাপানিজ ভাষা | ১০১ |
| ৯৯. | চাইনিজ ভাষা | ১০২ |
| ১০০. | কোরিয়ান ভাষা | ১০৩ |
| ১০১. | আরবি ভাষা | ১০৪ |
| ১০২. | ব্যাগ মেকিং | ১০৫ |
| ১০৩. | বক্স মেকিং এন্ড প্যাকেজিং | ১০৬ |
| ১০৪. | কেয়ার গিভিং: চাইল্ড এন্ড ওল্ড | ১০৭ |
| ১০৫. | হোম ফ্যাশান এন্ড ওয়ার্কস | ১০৮ |
| ১০৬. | জুয়েলারি মেকিং | ১০৯ |
| ১০৭. | মাশরুম কাল্টিভেশন | ১১০ |
| ১০৮. | সো-পিচ এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং | ১১১ |
| ১০৯. | সুচি শিল্প: হ্যান্ড এম্বয়ডারি এন্ড কারচুপি ওয়ার্কস | ১১২ |
| ১১০. | থ্রিডি এনিমেশন এন্ড মোশন গ্রাফিকস্ | ১১৩ |
| ১১১. | এনড্রয়েড অ্যাপ ডেভেলপমেন্ট | ১১৪ |
| ১১২. | ডিজিটাল মার্কেটিং | ১১৫ |
| ১১৩. | গেম ডেভেলপমেন্ট | ১১৬ |
| ১১৪. | জুট প্রোডাক্ট | ১১৭ |
| ১১৫. | লেদার প্রোডাক্ট | ১১৮ |
| ১১৬. | পোল্ট্রি রেয়ারার | ১১৯ |
| ১১৭. | এনিমেল রেয়ারার | ১২০ |
| ১১৮. | বেসিক ব্যান্ড মিউজিক | ১২১ |
| ১১৯. | ফাংশনাল মাইক্রোফিন্যান্স | ১২২ |
| ১২০. | প্রাকটিক্যাল ভ্যাট (VAT) ম্যানেজমেন্ট | ১২৩ |